

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর  
কাজী আলাউদ্দীন রোড, ঢাকা

স্মারক নং : ৫৮.০৩.০০০০.০২৬.২৩.০০৪.১৯- ১০৫০৭


তারিখ : ১৬/১/১৪৩০  
৩১/৮/২০২৬

বিষয়: আর্কাইভে সংরক্ষণের জন্য ছবি প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, অধিদপ্তরের আর্কাইভে সংরক্ষণ করার জন্য বিভিন্ন ছবি/ভিডিও সংগ্রহ করা হচ্ছে। ২০১৭ খ্রিষ্টাব্দ থেকে অদ্যাবধি পর্যন্ত তার আওতাধীন জেলা ও ফায়ার স্টেশনসমূহের নিম্নোক্ত বিষয়ের ছবিসমূহ একত্র করে অধিদপ্তরের মিডিয়া সেলে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হলো :

১. অপারেশনাল কর্মকাণ্ডের (গুরুত্বপূর্ণ অগ্নিকাণ্ড, দুর্ঘটনা, উদ্ধার ইত্যাদি) ছবি
২. মহাপরিচালক, পরিচালক ও ভিআইপিগণের পরিদর্শনের ছবি
৩. ফায়ার স্টেশনের ছবি, অনার বোর্ডের ছবি (দপ্তর ও স্টেশনের) এবং স্টেশন উদ্বোধনের ছবি
৪. ফায়ার সন্ধান প্রতিপালন, পাসিং প্যারেড, মহড়া ও বিভিন্ন অনুষ্ঠানের ছবি
৫. অন্যান্য গুরুত্বপূর্ণ ছবি

বর্ণিত ছবি/ভিডিওসমূহ সংগ্রহপূর্বক জেলা অনুযায়ী বছরভিত্তিক সাজিয়ে বিষয় অনুযায়ী ভিন্ন ভিন্ন ফোল্ডারে বিন্যস্ত করে ছবির স্থান, তারিখ ও ঘটনা চিহ্নিত করা যায় এমন ক্যাপসনসহ প্রতিটি বিভাগ ও ট্রেনিং কমপ্লেক্স থেকে একটি করে পেনড্রাইভে একত্র করে আগামী ২০ কর্মদিবসের মধ্যে অধিদপ্তরের মিডিয়া সেলে প্রেরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

  
৩১/৮/২০২৬

বিগেডিয়ার জেনারেল মোঃ মাইন উদ্দিন  
বিএসপি (বার), এনডিসি, পিএসসি, জি, এম ফিল  
মহাপরিচালক

উপপরিচালক/অধ্যক্ষ  
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স

বিতরণ :

- ১। পরিচালক (প্রশাঃ ও অর্থ)/ (প্রঃ, পঃ ও উঃ)/(অপাঃ ও মেইনঃ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর (মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
- ২। উপপরিচালক (অপাঃ ও মেইনঃ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর।
- ৩। সহকারী পরিচালক (অপারেশন), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর।